গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “তেঁতুলিয়া নদীর ভাঙ্গন হতে পটুয়াখালী জেলাধীন বাউফল উপজেলার ধুলিয়া লঞ্চঘাট হতে বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উপজেলার দুর্গাপাশা রক্ষা” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৩-০৬-২০২২।
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৭১২২১.০০ লক্ষ টাকা এবং বাস্তাবায়নকাল জুলাই/২০২০ হতে জুন/২০২৩ পর্যন্ত । মে/২০২২ খ্রিঃ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ১৮.৭৫% এবং আর্থিক অগ্রগতি ৩২৭৭.৭৬ লক্ষ টাকা (৪.৬০%)। অতঃপর তিনি ১ম সভার সিদ্ধান্ত ও প্রতিপালন সম্পর্কে অবহিত করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত :

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪

(ক)	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের নদী তীর সংরক্ষণের ১৫টি প্যাকেজের জিও ব্যাগ ডাম্পিং কাজ সম্পন্ন হয়েছে। ৩১,৯২,৯৩৩ টি সিসি ব্লক এর মধ্যে ইতোমধ্যে ৫১,৮৬৪ টি সি.সি. ব্লক কাস্টিং সম্পন্ন হয়েছে এবং ব্লক কাস্টিং কাজ চলমান রয়েছে। ড্রেজিং কার্যকর করার লক্ষ্যে নদী গবেষণা ইনস্টিটিউট কর্তৃক সমীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। সম্পাদিত কাজের মূল্য প্রায় ১৩৪০০.০০ লক্ষ টাকা। সমীক্ষা কার্যক্রমের Interim Report বোর্ডে দাখিল করা হয়েছে এবং চারটি Test Run সম্পন্ন হয়েছে। চলতি অর্থ বছরে ২০% এর অধিক কাজ সম্পন্ন হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। চলতি অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে আরএডিপিতে ৩৪৩৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, যা খুবই অপ্রতুল। উপযোজনের মাধ্যমে অতিরিক্ত ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা প্রয়োজন। পাশাপাশি পরবর্তী অর্থ বছরে এডিপিতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান নিশ্চিত করা দরকার। সভাপতি ব্লক তৈরির পরিমান সময়ের তুলনায় খুবই কম হয়েছে উল্লেখ করে এবং নদী গবেষণা ইনস্টিটিউট কর্তৃক সমীক্ষা কার্যক্রমের ধীরগতির জন্য অসন্তোষ প্রকাশ করেন। গুণগতমান বজায় রেখে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করা ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তির জন্য একটি সময়াবদ্ধ পরিকল্পনা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	(১) কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তির জন্য সিসি ব্লক তৈরি ও ড্রেজিং এর একটি সময়াবদ্ধ পরিকল্পনা তৈরি করে আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। (২) নদী গবেষণা ইনটিটিউট এর সুপারিশ অনুসারে ড্রেজিং করতে হবে এবং তদানুযায়ী অতিসত্বর দরপত্র আহবান করতে হবে। (৩) পরবর্তী শুষ্ক মৌসমে নির্ধারিত লক্ষ্যমাত্রায় ব্লক কাষ্টিং এর জন্য প্রতিটি প্যাকেজে প্রয়োজনীয় সংখ্যক মিক্সার মেশিন চালু রাখতে হবে। (৪) কোন ঠিকাদার কাঙ্খিত মাত্রায় অগ্রগতি অর্জন করতে না পারলে সংশ্লিষ্ট ঠিকাদারের কাজ হ্রাস (Curtail) করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৫) পানি নিষ্কাশনের জন্য ওয়াক ওয়ের ব্লক Existing Ground level এ অথবা নিচে স্থাপন করতে হবে। (৬) প্রতিটি প্যাকেজে জনবসতিপূর্ণ (বসতি, বাজার, স্কুল) এলাকায় গুরুত্বপূর্ণ স্থানে ঘাটলা তৈরি করতে হবে।	প্রকল্প পরিচালক, বাপাউবো
		(৭) উপযোজনের মাধ্যমে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহন করতে হবে। পরবর্তী অর্থ বছরে এডিপিতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহন করতে হবে।	পরিকল্পনা উইং, পাসম

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৮.২০-২৫৯

তারিখ: ২০ আষাঢ় ১৪২৯
০৪ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, (ফোকাল পয়েন্ট কর্মকর্তা পটুয়াখালী), পানি সম্পদ মন্ত্রণালয়।

১২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "তেঁতুলিয়া নদীর ভাঙ্গন হতে পটুয়াখালী জেলাধীন বাউফল উপজেলার ধুলিয়া লঞ্চঘাট হতে বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উপজেলার দুর্গাপাশা রক্ষা" শীর্ষক প্রকল্প, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

১৬) প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৯) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২১) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২২) উপসচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৩) সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন-২ শাখা, (ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরিশাল), পানি সম্পদ মন্ত্রণালয়।

২৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৫) নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।

২৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।

২৭) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব